

০৫/১০/০৭ ৪৩

দৈনিক  
ইনকিলাব

তারিখ ... ০৫ OCT 2007 ...

পৃ: ১২ পৃষ্ঠা ২.....

## আজ বিশ্ব শিক্ষক দিবস

স্টাফ রিপোর্টার

আজ ৫ অক্টোবর আইএলও ঘোষিত বিশ্ব শিক্ষক দিবস। এ উপলক্ষে আজ ঢাকার বিকেল ৩টায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের উদ্যোগে পরিষদের কেন্দ্রীয় কার্যালয় ২৭/৫-খ জেপুখানা রোডস্থ অফিসে এক আলোচনা অনুষ্ঠিত হবে। সরকারী প্রাথমিক বিদ্যালয় কল্যাণ ট্রাস্টের সচিব মোঃ সিদ্দিকুর রহমান বলেছেন, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সর্বত্র জবাবদিহিতা গড়ে তোলাই বিশ্ব শিক্ষক দিবসের প্রত্যাশা। গতকাল এক বিকৃত্তিতে তিনি বলেন, মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে পিডিপি-২ প্রকল্পের সফলতার প্রাথমিক শিক্ষক সমাজের পক্ষ থেকে

৭৪ ২৪ কঃ ১

## আজ বিশ্ব শিক্ষক দিবস

১২-এর পৃষ্ঠার পর

জানাই অভিনন্দন। পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট, শিডিলাই সলোয় পরীক্ষণ বিদ্যালয়ে শিক্ষকদের সাথে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিশাল বেতন বৈষম্যের অবসান, ২৯/০৮/০৬ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক উন্নীত ছেলে বেতন নির্ধারণের জটিলতা আত নিরসন, প্রধান শিক্ষকের পদোন্নতির ক্ষেত্রে উচ্চপাঠিত অভিজ্ঞ, বিএড পাস শিক্ষকদের সুযোগ দেয়া, প্রাথমিক শিক্ষক সংগঠনে ধনতান্ত্রিক পরিবেশ সৃষ্টি ও মনীয় রাজনীতি প্রভাবমুক্ত রাখা আদ্যক সংস্কার দাবী। প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সর্বত্র জবাবদিহিতার ব্যবস্থা গড়ে তোলাই বিশ্ব শিক্ষক দিবসের প্রত্যাশা। আজ বিকেল ৩টায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের উদ্যোগে ৫৪ ইনার সার্কুলার রোড, ঢাকা ১০০০-তে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের নেতৃবৃন্দ বক্তব্য রাখবেন।